দৈনিক বাংলা

তারিখ 09 AUG 1995
পৃষ্ঠা ... কলাম ...

সম্মিলিত মেধা তালিকায় ১২৯ জন

# এসএসসি ঃ ঢাকা বোর্ডে পাসের হার ৭৪.৪০

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল মঙ্গলবার প্রকাশিত হয়েছে। পরীক্ষায় পাসের হার ৭৪ দশমিক ৪০।

এ বছর ২ লাখ ৩৫ হাজার ৮শ' ২৯ জন ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ১ লাখ ৭৫ হাজার ৪শ' ৫৩ জন ছাত্রছাত্রী পাস করেছে। মোট ৯৪ হাজার ৪শ' ৮৯ জন ছাত্রছাত্রী প্রথম বিভাগে, ৭৮ হাজার ১শ' ৩৫ জন দ্বিতীয় বিভাগে এবং ২৮ হাজার ২৯ জন তৃতীয় বিভাগে পাস করে। বিজ্ঞান গ্রুপে পাসের হার ৮৭ দশমিক ২৫ এবং সমাজবিজ্ঞান বিভাগে পাসের হার ৬৭ দশমিক ১১।

এ বছর ঢাকা বোর্ডে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে শীর্ষস্থান অধিকার করেছে আইডিয়াল হাই স্কুলের ছাত্র মোহাম্মদ আবদুর রহিম মোস্তফা, (রোল নং ১০৩৮১৭, ঢাকা-৩) এবং মোহাম্মদপুর প্রিপারেটরী এ্যান্ড গার্লস হাই স্কুলের ছাত্রী শামীমা শারমিন কান্তা। দু'জনেরই প্রাপ্ত নম্বর ৮৯৮। দু'জনই বাংলা, ইংরেজী, সাধারণ গণিত, ইসলামী শিক্ষা, নৈর্বাচনিক গণিত, ভূগোল ও সাধারণ বিজ্ঞান এই ৭টি বিষয়ে লেটার পেয়েছে।

বিজ্ঞান গ্রুপে প্রথম হয়েছে দু'জন। দু'জনই সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে। সমাজবিজ্ঞান গ্রুপে প্রথম হয়েছে ঝিনাইগাতি সরকারী হাই স্কুলের ছাত্র এইচ এস তারিক

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) এসএসসি ঃ ঢাকা বোর্ডে

আহমেদ, (রোল নং ৫০০২৩৮, ঢাকা-১)। তার প্রাপ্ত নম্বর ৮৬৪। সে বাংলা, ইংরেজী, সাধারণ গণিত, ভূগোল, ইসলামী শিক্ষা, একাউন্টিং ও সমাজবিজ্ঞান এই ৭টি বিষয়ে লেটার পেয়েছে।

এবার তুলনামূলকভাবে ছাত্ররা ভাল ফল করেছে। ১ লাখ ৩৬ হাজার ৯শ' ৭৮ জন ছাত্র পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ১ লাখ ৪ হাজার ২৯ জন ছাত্র পাস করে। পাসের হার ৭৫ দশমিক ৯৫। ৯৮ হাজার ৮শ' ৫১ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ৭১ হাজার ৪শ' ২৪ জন পাস করে। পাসের হার ৭২ দশমিক ২৫।